

স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ময়মনসিংহে সংবর্ধনা এবং আলোচনা সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (মঙ্গলবার, ২৬ মার্চ ২০২৪ খ্রি.):

ময়মনসিংহে স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশ উন্নয়ন' শীর্ষক আলোচনা সভা এবং বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যগণের সংবর্ধনা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার (২৬ মার্চ) ময়মনসিংহ জেলা প্রশাসন এর আয়োজনে নগরীর তারেক স্মৃতি অডিটোরিয়ামে এ সংবর্ধনা সভা অনুষ্ঠিত হয়।

ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরীর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উম্মে সালমা তানজিয়া বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি মোঃ শাহ আবিদ হোসেন, ময়মনসিংহ পুলিশ সুপার মাহুম আহাম্মদ ভূঞা, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রব, বীর মুক্তিযোদ্ধা হারুন -আল -রশীদ, বীর মুক্তিযোদ্ধা আবুল কালাম আজাদ, বীর মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন, বীর মুক্তিযোদ্ধা মোঃ সেলিম সাজ্জাদ, বীর মুক্তিযোদ্ধা সেলিম সরকার। এছাড়াও আরো উপস্থিত ছিলেন জাতির সূর্যসন্তান বীর মুক্তিযোদ্ধাগণ ও শহিদ পরিবারের সদস্য বৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে ময়মনসিংহ বিভাগ কমিশনার উম্মে সালমা তানজিয়া বলেন, যারা স্বাধীনতার পর জন্মগ্রহণ করেছে তারা হয়তো স্বাধীনতা দেখেনি। তবে আমরা এক দিক দিয়ে খুবই সৌভাগ্যবান যে স্বাধীনতা অর্জনের মহানায়কদের দেখেছি। জাতির সূর্যসন্তান কাছ থেকে মুক্তিযুদ্ধের সেই পটভূমি সম্পর্কে জানতে পারছি। আমরা যারা এ প্রজন্মের কর্মকর্তা কর্মচারী রয়েছি, আপনাদের জন্য ভালো কিছু করার ইচ্ছা রয়েছে। তবে আমাদের কিছু সীমাবদ্ধতা থাকে।

এসময় তিনি আরো বলেন, যারা জীবিত বীর মুক্তিযোদ্ধা রয়েছেন, তাদের এখনো অনেক দায়িত্ব রয়েছে। যে স্বপ্ন নিয়ে যুদ্ধে গিয়েছিলেন, সে স্বপ্নের বাংলাদেশ গড়েতে সব সময় সর্ব থাকতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি মোঃ শাহ আবিদ হোসেন বলেন, আজকে যাদের ঘিরে এই অনুষ্ঠানের আয়োজন, তারা হচ্ছে এ দেশের শ্রেষ্ঠ সন্তান। তাদের আত্মত্যাগে জাতি পেয়েছে এই স্বাধীন ভূখণ্ড। যতদিন বাংলাদেশ থাকবে বীর মুক্তিযোদ্ধাদের নাম ততদিন থাকবে। জাতির পিতার নেতৃত্বে মুক্তিযোদ্ধারা যে অসম যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন, তারই সফলতায় আজকে আমরা পেয়েছি স্বাধীনতা। তবে আপনাদের সব সময় সর্ব থাকতে হবে। বীর মুক্তিযোদ্ধাদের চেতনা ও দর্শনকে প্রতিষ্ঠার মাধ্যমে গড়ে তুলতে হবে জাতির পিতার সোনার বাংলা।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাসুদ চৌধুরী বলেন, স্বাধীনতা ও জাতীয় দিবস বাঙালি জাতির ইতিহাসে এক অবিস্মরণীয় দিন। জাতির পিতার নেতৃত্বে এক অসম যুদ্ধে জাতির সূর্যসন্তানরা ঝাঁপিয়ে পড়েছিলেন স্বাধীনতা অর্জনের লক্ষ্যে। আপনাদের সাফল্যেই বিশ্ব দরবারে বাংলাদেশ আজ অনন্য উচ্চতায়। তাই আপনাদের কাজ আমাদের পথ দেখানো। বীর মুক্তিযোদ্ধাদের দর্শন ও চেতনা দেশ উন্নয়নে আমাদের শক্তি হিসেবে কাজ করবে।

সভায় বীর মুক্তিযোদ্ধাগণ তাদের বক্তৃতায় মুক্তিযুদ্ধের বিভিন্ন পটভূমি তুলে ধরেন। এ সময়, দেশ পরিচালনায় জাতির পিতার দূরদর্শী নেতৃত্ব ও সাহসিকতার বিভিন্ন দিক তারা উল্লেখ করেন। এ ছাড়া বর্তমান সরকার মুক্তিযোদ্ধাদের যেসব সুবিধা দিচ্ছেন তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং সুবিধাসমূহের কিছু দিক পুনর্বিবেচনা করার আহ্বান জানান।

#

রেজভী /দেওয়ান/ রিদওয়ান/মনির/হদা /২০২৪/১৫:৩০